## রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের সম্মিলিত আর্থিক তথ্য-উপাত্ত

এ বাজেট প্রকাশনায় রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার অ-আর্থিক (Non financial) শ্রেণিভুক্ত মোট ৪৯ (উনপঞ্চাশ) টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের ২০২০-২১ অর্থবছরের বাজেট প্রাক্কলনসহ ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের বাজেট বাংলাদেশ স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন (BSIC) অনুযায়ী নিম্নলিখিত ৭টি সেক্টরে বিভক্ত করা হয়েছে:

| | |
|---|---|
| ১. শিল্প সেক্টরে ৬ টি সংস্থা | : বাংলাদেশ বস্ত্রশিল্প কর্পোরেশন, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, বাংলাদেশ রসায়ন শিল্প কর্পোরেশন, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এবং বাংলাদেশ পাটকল কর্পোরেশন। |
| ২. বিদ্যুৎ, গ্যাস ও পানি সেক্টরে ৬ টি সংস্থা | : বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ, খুলনা পানি সরবারহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ, চট্টগ্রাম পানি সরবারহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ এবং রাজশাহী পানি সরবারহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ। |
| ৩. পরিবহন ও যোগাযোগ সেক্টরে ৭ টি সংস্থা | : বাংলাদেশ সমুদ্র পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ। |
| ৪. বাণিজ্য সেক্টরে ৩ টি সংস্থা | : বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত) এবং বাংলাদেশ বাণিজ্য কর্পোরেশন। |
| ৫. কৃষি ও মৎস্য সেক্টরে ২ টি সংস্থা | : বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন। |
| ৬. নির্মাণ সেক্টরে ৬ টি সংস্থা | : চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ এবং কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ। |
| ৭. সার্ভিস ( সেবামূলক) সেক্টরে ১৯ টি সংস্থা | : বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ- পরিবহন কর্তৃপক্ষ, পল্লি বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বাংলাদেশ তাঁত বোর্ড, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড , বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টটিউট, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বাংলাদেশ চা বোর্ড, এনার্জি রেগুলেটরি কমিশন, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন, বাংলাদশে অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র এবং বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার। |

এ বাজেটে ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের আয়, ব্যয়, মূল্যসংযোগ, উৎপাদনে শ্রম, মূলধন ইত্যাদির অবদান, উৎপাদনশীলতা, সঞ্চয় ও বিনিয়োগ ইত্যাদির সম্মিলিত আর্থিক তথ্য-উপাত্ত তুলে ধরা হয়েছে।

**রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের আয় ও ব্যয়**

সারণি-১ এ ৪৯টি সংস্থার ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত এবং ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেট এবং ২০১৮-১৯ অর্থবছরের সাময়িক হিসাবের ভিত্তিতে ২০১৮-১৯ হতে ২০২০-২১ পর্যন্ত মোট পরিচালন রাজস্ব, মূল্যসংযোগ, শ্রমিক প্রতি মূল্যসংযোগ এবং প্রবৃদ্ধির হার দেখানো হয়েছে।

**সারণি-১** (কোটি টাকায়)

| বিবরণ | ২০২০-২১ বাজেট প্রাক্কলন | ২০১৮-১৯ হতে ২০২০-২১ বাৎসরিক প্রবৃদ্ধির হার | ২০১৯-২০ সংশোধিত বাজেট | ২০১৮-১৯ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. পরিচালন রাজস্ব | ২০৩,৯৭৬.১৭ | ৬.৫৬ | ১৮৬,৫৬৫.৩৩ | ১৭৯,৬৩০.২৬ |
| ২. ক্রীত পণ্য ও সেবা | ১৮৮,৭৫৩.৭৫ | ৮.০৯ | ১৬৯,৭৮৩.৪০ | ১৬১,৫৫৩.৬৫ |
| ৩. উৎপাদন ব্যয় ভিত্তিক মূল্যসংযোগ | ১৫,২২২.৪৩ | (৮.২৩) | ১৬,৭৮১.৯৩ | ১৮,০৭৬.৬১ |
| ৪. বেতন ও ভাতাদি | ৮৭৯০.২১ | ১২.৮৬ | ৭,৯২৯.২৫ | ৬,৯০১.২৫ |
| ৫. অবচয় | ৯,৩৪২.৩৩ | ১০.১৯ | ৯,০৯৬.৫৭ | ৭,৬৯৪.৬৪ |
| ৬. পরিচালন উদ্বৃত্ত/লোকসান | (২,৯১০.১২) | (৮.৫৬) | (২৪৩.৮৮) | ৩,৪৮০.৭২ |
| ৭. উৎপাদনের উপাদান ভিত্তিক মূল্যসংযোগ | ১৫,২২২.৪৩ | (৮.২৩) | ১৬,৭৮১.৯৩ | ১৮,০৭৬.৬১ |
| ৯. কর উত্তর নীট লাভ/ (লোকসান) | ৪,৮১৯.৫১ | (৩২.৮১) | ৭,৪৭৩.৭৭ | ১০,৬৭৬.৮৫ |

২০১৮-১৯ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী মোট পরিচালন রাজস্ব ১৭৯,৬৩০.২৬ কোটি টাকা যা ২০২০-২১ প্রাক্কলিত বাজেটে বৃদ্ধি পেয়ে ২০৩,৯৭৬.১৭ কোটি টাকায় দাঁড়াবে। বার্ষিক প্রবৃদ্ধির হার (exponential growth rate) ৬.৫৬ শতাংশ। উপরোক্ত সময়ে ক্রীত পণ্য ও সেবার মূল্য ৮.০৯ শতাংশ বৃদ্ধি পাবে। কর্পোরেশনসমূহের মূল্যসংযোগ ২০১৮-১৯ অর্থবছরে ১৮,০৭৬.৬১ কোটি টাকা ছিল যা হ্রাস পেয়ে ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে ১৬,৭৮১.৯৩ কোটি টাকা এবং ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে ১৫,২২২.৪৩ কোটি টাকা দাঁড়াবে বলে অভিক্ষেপণ করা হয়েছে। মূল্যসংযোগ হ্রাসের হার ৮.২৩ শতাংশ।

সারণি-১ হতে দেখা যাচ্ছে যে, ২০১৮-১৯ অর্থবছরের তুলনায় ২০১৯-২০ সংশোধিত এবং ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরের বাজেটে বেতন-ভাতাদির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে পরিচালন মুনাফা ছিল ৩,৪৮০.৭২ কোটি টাকা। ২০১৯-২০ সংশোধিত বাজেট এবং ২০২০-২১ প্রাক্কলিত বাজেট পরিচালন লোকসান দাঁড়াবে যথাক্রমে ২৪৩.৮৮ কোটি টাকা এবং ২,৯১০.১২ কোটি টাকা ।

২০১৮-১৯ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী ৩৯ টি প্রতিষ্ঠানের নীট মুনাফার পরিমাণ প্রায় ১০৬৭৬.৮৫ কোটি টাকা। তন্মধ্যে ৪১টি প্রতিষ্ঠান লাভজনকভাবে পরিচালিত হচ্ছে এবং ৮টি প্রতিষ্ঠান লোকসানের সন্মুখীন হয়েছে। ৮টি প্রতিষ্ঠানের মোট লোকসানের পরিমাণ প্রায় ২৫৬০.১২ কোটি টাকা ।

২০১৮-১৯ অর্থবছরে ৪৯টি সংস্থায় কর্মরত জনবল ছিল ১,৫৪,৮৬৫ জন। ২০১৯-২০ সংশোধিত বাজেটে এবং ২০২০-২১ প্রাক্কলিত বাজেটে জনবল দাঁড়াবে যথাক্রমে ১,৫৫,৩৩১ জনে এবং ১,৫৭,৫২৪ জনে। ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে মোট উৎপাদিত পণ্যে শ্রমের অংশ (বেতন ও ভাতাদি) বিগত দুই বছরের তুলনায় বাড়বে। জনবল প্রতি গড় বেতন ও ভাতাদি ২০১৮-১৯ অর্থবছরের ৪,৪৫,৬৩০.০৬ টাকা হতে ২০২০-২১ প্রাক্কলিত বাজেটে ৫,৫৮,০২৩.৫৪ টাকায় দাঁড়াবে । উপরোক্ত সময়ে কর্মচারীর সংখ্যা প্রায় ১.৭২% বৃদ্ধি পাবে। উল্লেখ্য ২০১৯-২০ সংশোধিত বাজেটে জনবল প্রতি গড় বার্ষিক বেতন ও ভাতাদি ৫,১০,৪৭৪.৪০ টাকায় দাঁড়াবে।

সারণি-২ এ কর্পোরেশনসমূহের ২০১৮-১৯ হতে ২০২০-২১ পর্যন্ত সেক্টর ভিত্তিক মূল্যসংযোগের প্রবৃদ্ধির হার এবং মোট জাতীয় উৎপাদনের অংশ দেখানো হয়েছে।

**সারণি-২** (কোটি টাকায়)

| বিবরণ | ২০২০-২১ বাজেট প্রাক্কলন | ২০১৮-১৯ হতে ২০২০-২১ বাৎসরিক প্রবৃদ্ধির হার | ২০১৯-২০ সংশোধিত বাজেট | ২০১৮-১৯ অর্থবছরের দেশজ উৎপাদন | ২০১৮-১৯ সাময়িক |
|---|---|---|---|---|---|
| ১. শিল্প | ১,৭৯০.৬৯ | ৪৯.২৩ | ৮৩৬.৮৩ | ৪,৮২,০৪৮ | ৮০৪.০৭ |
| ২. বিদ্যুৎ, গ্যাস এবং পানি | (১,৫৪৫.৬১) | (৩১.২৪) | (১,১৯১.৭৫) | ৩২,৫৪১ | (৬৬২.৮৫) |
| ৩. পরিবহন ও যোগাযোগ | ৩,০৬৭.৭৬ | ১.৫২ | ২,৯৯৭.৫৭ | ২,২৫,৪৩৮ | ২,৯৭৬.৫৮ |
| ৪. বাণিজ্য | (৪৬০.৭২) | (৬৩.৬৮) | ২,৩৯৬.২৮ | ৩,২১,২০৪ | ৩,৪৯৩.৩৯ |
| ৫. কৃষি | ২৬৩.৩৫ | (২.৫৩) | ২৫৭.০৩ | ২,৪৬,২৬৬ | ২৭৭.২১ |
| ৬. নির্মাণ | ৬০৩.৬৮ | (১২.৫৫) | ৫৫৯.৫৯ | ১,৯৬,৬৫৬ | ৭৮৯.৪৩ |
| ৭. সার্ভিস সেক্টর | ১১,৫০৩.২৮ | ৫.১৮ | ১০,৯২৬.৩৯ | ১০,৩২,০২৪ | ১০,৩৯৮.৮০ |
| ৮. মোট | ১৫,২২২.৪৩ | (৮.২৩) | ১৬,৭৮১.৯৪ | ২৫,৩৬,১৭৭ | ১৮,০৭৬.৬৩ |

২০১৮-১৯ অর্থবছরে কর্পোরেশনসমূহের উৎপাদিত পণ্য মূল্যসংযোগের ভিত্তিতে মোট দেশজ উৎপাদনের (GDP) ০.৭১ শতাংশ। কৃষি, বাণিজ্য, নির্মাণ এবং সার্ভিস সেক্টরসমূহ মূলত ব্যক্তি মালিকানাধীন বিধায় এ সকল সেক্টরে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের অবদান কম। অপরদিকে শিল্প সেক্টরে রাষ্ট্রীয় সংস্থার অবদান ০.১৭ শতাংশ।

সারণি-৩ এ শিল্প সেক্টরের ৬ টি কর্পোরেশনের মূল্যসংযোগ, পরিচালন উদ্বৃত্ত, সংরক্ষিত আয় , কর উত্তর নীট মুনাফা এবং লভ্যাংশের তথ্য বর্ণিত রয়েছে।

**সারণি-৩** (কোটি টাকায়)

| বিবরণ | ২০২০-২১ বাজেট প্রাক্কলন | ২০১৯-২০ সংশোধিত বাজেট | ২০১৮-১৯ সাময়িক |
|---|---|---|---|
| ১. মূল্যসংযোগ | ১,৭৯০.৬৯ | ৮৩৬.৮৩ | ৮০৪.০৭ |
| ২. পরিচালন উদ্বৃত্ত/ (লোকসান ) | (১,৫৫৫.২৩) | (১,৮৩৮.৪৮) | (১,৬৪২.০৮) |
| ৩. নীট মুনাফা | (২,২৯৮.০০) | (২,৪৮৯.২৭) | (২,২১৫.৯৩) |
| ৪. সংরক্ষিত আয় | (২,৩১৪.০০) | (২২,৪৮৯.২৭) | (২,২১৬.৯৩) |
| ৫. লভ্যাংশ ( ডিভিডেন্ট) | ১৬.০০ | ১৬.০০ | ১.০০ |

শিল্প সেক্টরসমূহের মূল্যসংযোগ ২০১৮-১৯ অর্থবছরে ছিল ৮০৪.০৭ কোটি টাকা। ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে তা বৃদ্ধি পেয়ে ৮৩৬.৮৩ কোটি টাকায় এবং ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে তা বৃদ্ধি পেয়ে ১,৭৯০.৬৯ কোটি টাকায় দাঁড়াবে । ক্রীত পণ্য ও সেবা, বেতন ও ভাতাদি এবং অবচয় খাতে ব্যয় বৃদ্ধি পাওয়ায় উল্লিখিত বছরসমূহে সংস্থাগুলো পরিচালন লোকসানের সম্মুখীন হবে। ২০১৮-১৯ অর্থবছরে পরিচালন লোকসানের পরিমাণ ছিল ১,৬৪২.০৮ কোটি টাকা যা ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে বৃদ্ধি পেয়ে ১,৮৩৮.৪৮ কোটি টাকায় এবং ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে যা সংশোধিত অর্থবছরের চেয়ে হ্রাস পেয়ে ১,৫৫৫.২৩ কোটি টাকায় দাঁড়াবে । ২০১৮-১৯ অর্থবছরে শিল্প সেক্টরসমূহ সরকারি কোষাগারে ১.০০ কোটি টাকা লভ্যাংশ জমা প্রদান করেছে। ২০১৯-২০ সংশোধিত ও ২০২০-২১ প্রাক্কলিত উভয় অর্থবছরে শিল্প সেক্টরের প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সরকারি কোষাগারে ১৬.০০ কোটি টাকা করে লভ্যাংশ জমা প্রদান করার প্রাক্কলন করা হয়েছে ।

## উৎপাদনশীলতা

সারণি- ৪ এ কর্পোরেশনসমূহের ২০১৮-১৯ হতে ২০২০-২১ পর্যন্ত কর্মী প্রতি মূল্যসংযোগ ও উৎপাদনশীলতা দেখানো হয়েছে।

**সারণি- ৪**

| বিবরণ | ২০২০-২১ প্রাক্কলিত | ২০১৮-১৯ হতে ২০২০-২১ বাৎসরিক প্রবৃদ্ধির হার | ২০১৯-২০ সংশোধিত | ২০১৮-১৯ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. মূল্যসংযোগ (কোটি টাকা) | ১৫,২২২.৪৩ | (৮.২৩) | ১৬,৭৮১.৯৩ | ১৮,০৭৬.৬১ |
| ২. কর্মচারী সংখ্যা (হাজারে) | ১৫৭.৫২ | ০.৮৫ | ১৫৫.৩৩ | ১৫৪.৮৭ |
| ৩. শ্রমিক প্রতি মূল্যসংযোগ টাকায় (১/২) | ৯৬৬৩৫.৬২ | (৯.০১) | ১,০৮,০৩৯.৮০ | ১,১৬,৭২৪.৯৫ |

শ্রমিক প্রতি মূল্যসংযোগ ২০১৮-১৯ অর্থবছরের ১,১৬,৭২৪.৯৫ টাকা হতে ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে হ্রাস পেয়ে ১,০৮,০৩৯.৮০ টাকায় দাঁড়াবে। প্রবৃদ্ধির হার ঋণাত্মক ৯.০১ শতাংশ অনুমান করা হয়েছে। উপরোক্ত সময়ে কর্মচারী সংখ্যা ০.৮৫ শতাংশ বৃদ্ধি পাবে। শ্রমিক প্রতি মূল্যসংযোগ ২০১৮-১৯ অর্থবছরের তুলনায় ২০১৯-২০ সংশোধিত ও ২০২০-২১ প্রাক্কলিত অর্থ বছরে হ্রাস পাবে। উল্লেখ্য, শ্রমিক প্রতি উৎপাদনশীলতা এক্ষেত্রে শ্রমের উৎপাদনশীলতা বুঝানো হয়নি। কারণ এ থেকে মূলধনের উৎপাদনশীলতা আলাদাভাবে দেখানো হয়নি।

সারণি -৫ এ কর্পোরেশনসমূহের ২০১৮-১৯ অর্থবছরের সেক্টর ভিত্তিক কর্মী প্রতি মূল্যসংযোগ/ উৎপাদনশীলতা দেখানো হয়েছে।

**সারণি -৫**

| বিবরণ | সর্বমোট | শিল্প | বিদ্যুৎ, গ্যাস এবং পানি | পরিবহন ও যোগাযোগ | বাণিজ্য | কৃষি | নির্মাণ | সার্ভিস সেক্টর |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. মূল্যসংযোগ (কোটি টাকায়) | ১৮,০৭৬.৬৩ | ৮০৪.০৭ | (৬৬২.৮৫) | ২,৯৭৬.৫৮ | ৩,৪৯৩.৩৯ | ২৭৭.২১ | ৭৮৯.৪৩ | ১০,৩৯৮.৮০ |
| ২. শ্রমিক সংখ্যা (হাজারে) | ১৫৪.৮৭ | ৬১.০৩ | ১৯.০৮ | ১৪.৮৩ | ৩.৪৭ | ৪.৪০ | ২.৪৫ | ৪৯.৬০ |
| ৩. শ্রমিক প্রতি মূল্যসংযোগ | ১,১৬,৭২৪.৯৫ | ১৩,১৭৪.১৩ | (৩৪,৭৩৩.২৮) | ২,০০,৬৯৯.৮৯ | ১০,০৬,৭৪০.৬৩ | ৬৩,০১৬.৫৯ | ৩,২২,২১৬.৩৩ | ২০৯,৬৬৫.৯১ |

সারণি-৫ হতে দেখা যাচ্ছে যে, বাণিজ্য খাতের কর্পোরেশনসমূহের শ্রমিক প্রতি মূল্যসংযোগ ১০,০৬,৭৪০.৬৩ টাকা যা অন্যান্য খাতের তুলনায় বেশি। অন্যদিকে শিল্প, বিদ্যুৎ, গ্যাস এবং পানি, কৃষি ও মৎস্য সেক্টরের শ্রমিক উৎপাদনশীলতা তুলনামূলক ভাবে কম। ২০১৮-১৯ অর্থবছরে ৪৯টি সংস্থার মোট মূল্যসংযোগ ছিল ১৮,০৭৬.৬৩ কোটি টাকা।

সারণি-৬ এ কর্পোরেশনসমূহের ২০১৮-১৯ হতে ২০২০-২১ অর্থবছর পর্যন্ত মূলধনের (স্থায়ী সম্পদ) উৎপাদনশীলতা দেখান হয়েছে।

**সারণি-৬** (কোটি টাকায়)

| বিবরণ | ২০২০-২১ বাজেট প্রাক্কলন | প্রবৃদ্ধির হার | ২০১৯-২০ সংশোধিত বাজেট | ২০১৮-১৯ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. মূল্যসংযোগ (কোটি টাকায়) | ১৫,২২২.৪৩ | (৮.২৩) | ১৬,৭৮১.৯৩ | ১৮,০৭৬.৬১ |
| ২. নীট স্থায়ী সম্পদ ( কোটি টাকায়) | ১,৪২,৩১১.৩৪ | ৬.১৩ | ১,৩৩,০১১.৭৩ | ১,২৬,৩৪৭.৯১ |
| ৩. মূলধনের উৎপাদনশীলতা (১/২) | ০.১১ | (১৩.৫৩) | ০.১৩ | ০.১৪ |

সারণি-৬ হতে দেখা যায় যে, ২০১৮-১৯ অর্থবছরের তুলনায় ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে মূল্যসংযোগ হ্রাস পাওয়ায় প্রবৃদ্ধির হার ঋণাত্মক হয়েছে এবং মূলধনের (নীট স্থায়ী সম্পদ) পরিমাণ বৃদ্ধি পাওয়ায় প্রবৃদ্ধির হার বৃদ্ধি পেয়েছে। এখানে উল্লেখ্য যেহেতু অন্যান্য উৎপাদনকে এক্ষেত্রে পৃথক করা হয়নি কাজেই বর্ণিত উৎপাদনশীলতার পরিমাণ শুধুমাত্র মূলধনের অবদান প্রদর্শন করে না।

সারণি -৭ এ  কর্পোরেশনসমূহের উৎপাদিত পণ্যে ২০১৮-১৯ হতে ২০২০-২১ সাল পর্যন্ত উপাদান আয় হিসাব করা হয়েছে।

**সারণি -৭** (কোটি টাকায়)

| বিবরণ | ২০২০-২১ বাজেট প্রাক্কলন | ২০১৮-১৯ হতে ২০২০-২১ বাৎসরিক প্রবৃদ্ধির হার | ২০১৯-২০ সংশোধিত বাজেট | ২০১৮-১৯ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. কর্মীর অংশ | ৫৭.৭৫ | ২২.৯৯ | ৪৭.২৫ | ৩৮.১৮ |
| ২. মূলধনের অংশ | ৬১.৩৭ | ২০.০৭ | ৫৪.২০ | ৪২.৫৭ |
| ৩. পরিচালন আয়ের অংশ | (১৯.১২) | (০.৩৫) | (১.৪৫) | ১৯.২৬ |


২০১৯-২০ সংশোধিত ও ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে শ্রমের অংশ যথাক্রমে ৪৭.২৫ কোটি টাকা এবং ৫৭.৭৫ কোটি টাকা । ২০১৮-১৯ সাময়িক অর্থবছরে শ্রমের অংশ ছিল ৩৮.১৮ কোটি টাকা। ২০১৮-১৯ অর্থবছরের তুলনায় ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে মূলধনের অংশ বৃদ্ধি পেয়ে ৫৪.২০ দাঁড়াবে বলে হিসাব করা হয়েছে। ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে মূলধনের অংশ ২০১৯-২০ সংশোধিত অর্থবছর হতে পুনরায় বৃদ্ধি পেয়ে ৬১.৩৭ দাঁড়াবে বলে হিসাব করা হয়েছে। উপরোক্ত সময়কালে পরিচালন আয়ের অংশ প্রায় ০.৩৫ শতাংশ হ্রাস পাবে।

সারণি -৮ এ  কর্পোরেশনসমূহের ২০১৮-১৯ হতে ২০২০-২১ পর্যন্ত  বিনিয়োগ ও সঞ্চয় (চলতি মূল্য)  দেখানো হয়েছে।

**সারণি -৮** (কোটি টাকায়)

| বিবরণ | ২০২০-২১ প্রাক্কলিত বাজেট | ২০১৮-১৯ হতে ২০২০-২১ বাৎসরিক প্রবৃদ্ধির হার | ২০১৯-২০ সংশোধিত বাজেট | ২০১৮-১৯ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. বিনিয়োগ | ৪৭,৩৭৭.৩৮ | ৪০.৮৬ | ৪২,০৮৫.৯৪ | ২৩,৮৭৭.৯৬ |
| ২. সংরক্ষিত আয় | ৩,৩৯৪.৮৬ | (৬২.৫০) | ৬,০৫০.৪০ | ৯,৭৫৬.৭৯ |
| ৩. অবচয় | ৯,৩৪২.৩৩ | ১০.১৯ | ৯,০৯৬.৫৭ | ৭,৬৯৪.৬৪ |
| ৪. মোট সঞ্চয় (২+৩) | ১২,৭৩৭.১৯ | (১৪.৫৭) | ১৫,১৪৬.৯৭ | ১৭,৪৫১.৪৩ |
| ৫. অর্থের প্রয়োজনীয়তা (১-৪) | ৩৪,৬৪০.১৯ | ১৩২.১৭ | ২৬,৯৩৮.৯৭ | ৬,৪২৬.৫৩ |

বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং নিজস্ব তহবিল হতে কর্পোরেশনসমূহ ২০১৮-১৯ অর্থবছরে মোট ২৩,৮৭৭.৯৬ কোটি টাকা বিনিয়োগ করেছে ।



লেখ চিত্র: ২০১৮-১৯ অর্থবছরে ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের বিনিয়োগ ও সঞ্চয়

২০১৯-২০ সংশোধিত ও ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে বিনিয়োগের পরিমাণ যথাক্রমে ৪২,০৮৫.৯৪ কোটি টাকা ও ৪৭,৩৭৭.৩৮ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছর হতে ২০২০-২১ অর্থবছরের বিনিয়োগের প্রবৃদ্ধির হার ৪০.৮৬ শতাংশ এবং সঞ্চয় প্রবৃদ্ধির হার ঋণাত্মক ১৪.৫৭ শতাংশ।

২০১৯-২০ ও ২০২০-২১ উভয় অর্থবছরে কর্পোরেশনসমূহের সঞ্চয় ২০১৮-১৯ অর্থবছর হতে হ্রাস পেয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে সঞ্চয়ের পরিমাণ ছিল ১৭,৪৫১.৪৩ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরে সঞ্চয়ের পরিমাণ ২০১৮-১৯ অর্থবছরের চেয়ে হ্রাস পেয়ে ১৫,১৪৬.৯৭ কোটি এবং ২০২০-২১ অর্থবছরে পূর্ববর্তী অর্থবছরের চেয়ে হ্রাস পেয়ে ১২,৭৩৭.১৯ কোটি টাকায় দাঁড়াবে ।

২০১৯-২০ অর্থবছরে সঞ্চয় হ্রাস পেলেও বিনিয়োগ বৃদ্ধি পাওয়ায় অর্থের প্রয়োজনীয়তা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে ২৬,৯৩৮.৯৭ কোটি এবং ২০২০-২১ অর্থবছরে সঞ্চয় পূর্ববর্তী অর্থবছরের চেয়ে হ্রাস পেলেও বিনিয়োগ বৃদ্ধি পাওয়ায় অর্থের প্রয়োজনীয়তা দাঁড়াবে ৩৪,৬৪০.১৯ কোটি টাকা। ক্রমপুঞ্জিত সঞ্চয় ও ঋণ গ্রহণের মাধ্যমে অর্থের প্রয়োজনীয়তা মিটানো হবে।

সারণি -৯ এ কর্পোরেশনসমূহের ২০১৮-১৯ হতে ২০২০-২১ পর্যন্ত সেক্টর ভিত্তিক বিনিয়োগ ( চলতি মূল্য) দেখানো হয়েছে

**সারণি -৯** (কোটি টাকায়)


| বিবরণ | ২০২০-২১ বাজেট প্রাক্কলন | ২০১৮-১৯ হতে ২০২০-২১ বাৎসরিক প্রবৃদ্ধির হার | ২০১৯-২০ সংশোধিত বাজেট | ২০১৮-১৯ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. শিল্প | ৪,৬৫৮.৫৮ | ২৮১.৬৫ | ১,৩৬১.৭৪ | ৩১৯.৮৪ |
| ২. বিদ্যুৎ, গ্যাস এবং পানি | ১৫,২১৬.০৬ | ২১.৮১ | ১১,৯৬১.০৬ | ১০,২৫৫.০৮ |
| ৩. পরিবহন ও যোগাযোগ | ৫,৮৬৩.৭৬ | ২২.৫৬ | ১০,০৪১.৮৫ | ৩,৯০৩.৫১ |
| ৪. বাণিজ্য | ২,২১০.৯৫ | ১৪.৪৭ | ২,২৩১.৫৭ | ১,৬৮৭.২২ |
| ৫. কৃষি | ১৫.৮৭ | ৫৩.৭৯ | ১৪.৭৬ | ৬.৭১ |
| ৬. নির্মাণ | ২,০৮৫.৪৬ | ৪.৯৬ | ২,৬১০.৭০ | ১,৮৯৩.১৩ |
| ৭. সার্ভিস সেক্টর | ১৭,৩২৬.৬৯ | ৭২.৬৫ | ১৩,৮৬৪.২৭ | ৫,৮১২.৪৬ |
| ৮. সকল সেক্টর | ৪৭,৩৭৭.৩৭ | ৪০.৮৬ | ৪২,০৮৫.৯৫ | ২৩,৮৭৭.৯৫ |

উপরোক্ত সারণি হতে দেখা যাচ্ছে যে, ২০১৮-১৯ অর্থবছরের তুলনায় ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে শিল্প, বিদ্যুৎ, গ্যাস এবং পানি, পরিবহন ও যোগাযোগ, বাণিজ্য , কৃষি, নির্মাণ এবং সার্ভিস সেক্টর সহ সব সেক্টরে উচ্চতর বিনিয়োগের পরিকল্পনা করা হয়েছে। শিল্প সেক্টরে বিনিয়োগের প্রবৃদ্ধির হার ২৮১.৬৫ শতাংশ। ২০১৮-১৯ অর্থবছরে বিদ্যুৎ, গ্যাস ও পানি সেক্টরে বিনিয়োগের পরিমাণ ছিল ১০,২৫৫.০৮ কোটি টাকা যা বৃদ্ধি পেয়ে ২০১৯-২০ সংশোধিত আর্থবছরে ১১,৯৬১.০৬ কোটি ও ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে ১৫,২১৬.০৬ কোটি টাকা হবে বলে হিসাব করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে সার্ভিস সেক্টরে বিনিয়োগের পরিমাণ ছিল ৫,৮১২.৪৬ কোটি টাকা যা বৃদ্ধি পেয়ে ২০১৯-২০ সংশোধিত আর্থবছরে ১৩,৮৬৪.২৭ কোটি ও ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে ১৭,৩২৬.৬৯ কোটি টাকা হবে বলে হিসাব করা হয়েছে।

২০১৮-১৯ অর্থবছরে অ-আর্থিক কর্পোরেশনসমূহ সরকারি কোষাগারে শুল্ক, ভ্যাট, লভ্যাংশ ও আয়কর ইত্যাদি বাবদ ২২৮৬৯.১৩ কোটি টাকা জমা প্রদান করে।

সরকারি কোষাগারে দেয় অবদান (২০১৮-১৯) (কোটি টাকায়)


| | |
|---|---|
| ১. শিল্প | ৯১১.৪৩ |
| ২. বিদ্যুৎ, গ্যাস ও পানি | ২৬৩৫.০৩ |
| ৩. পরিবহন ও যোগাযোগ | ৭৮৮.৯২ |
| ৪. বাণিজ্যিক | ১২৪৭১.২৮ |
| ৫. কৃষি ও মৎস্য | ১.৯২ |
| ৬. নির্মাণ | ২৩৪.৫৮ |
| ৭. সার্ভিস ও অন্যান্য | ৫৮২৫.৯৭ |
| মোট | ২২৮৬৯.১৩ |




লেখ চিত্র: ২০১৮-১৯ অর্থবছরে ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের সরকারি কোষাগারে দেয় মোট অবদান

২০১৮-১৯ অর্থবছরে অ-আর্থিক কর্পোরেশনসমূহ সরকারি কোষাগারে ৯২০.০৬ কোটি টাকা লভ্যাংশ হিসেবে জমা প্রদান করে। ২০২০-২১ অর্থবছরে প্রাক্কলিত এবং ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে কর্পোরেশনসমূহ লভ্যাংশ হিসেবে যথাক্রমে ১,৪২৪.৬৫ কোটি টাকা এবং ১,৪২৩.৩৭ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবে প্রাক্কলন করা হয়েছে।

| লভ্যাংশ (২০১৮-১৯) | (কোটি টাকায়) |
|---|---|
| ১. শিল্প | ১.০০ |
| ২. বিদ্যুৎ, গ্যাস ও পানি | ৬৮২.১১ |
| ৩. পরিবহন ও যোগাযোগ | ৮৯.৫০ |
| ৪. বাণিজ্যিক | ০.০০ |
| ৫. কৃষি ও মৎস্য | ০.০৫ |
| ৬. নির্মাণ | ২২.১৫ |
| ৭. সার্ভিস ও অন্যান্য | ১২৫.২৫ |
| মোট | ৯২০.০৬ |



লেখচিত্র: ২০১৮-১৯ অর্থবছরে ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের লভ্যাংশের খাতওয়ারী অবদান

তহবিল প্রবাহ বিশ্লেষণ করলে সঞ্চয় এবং বিনিয়োগের ঘাটতি কিভাবে পূরণ করা হবে তা উপলব্ধি করা যাবে। সারণি-১০ হতে দেখা যাচ্ছে যে, ২০২০-২১ প্রাক্কলিত অর্থ বছরে আর্থিক ঘাটতির পরিমাণ ২০১৮-১৯ অর্থবছর অপেক্ষা বেশি।

সারণি-১০ কর্পোরেশনসমূহের ২০১৮-১৯ হতে ২০২০-২১ তহবিলের উৎস ও প্রয়োগ দেখানো হয়েছে।

**সারণি-১০** (কোটি টাকায়)

| বিবরণ | ২০২০-২১ বাজেট প্রাক্কলন | ২০১৯-২০ সংশোধিত বাজেট | ২০১৮-১৯ (সাময়িক) |
|---|---|---|---|
| ১. আর্থিক প্রয়োজনীয়তা ( বিনিয়োগ- সঞ্চয়) | ৩৫,০৪২.৪৬ | ২৭,৩২৬.৮৯ | ৬,৮৩৫.১৬ |
| ২. বাদ: ইকুটির প্রয়োগ | ১৯,১৯৮.২৮ | ১৫,৮৯২.৫২ | ১৩,৯২৩.৪২ |
| ৩. দীর্ঘমেয়াদি ঋণ | ২৭,০৫৪.৩০ | ২৭,১৩৭.০৬ | ২২,৩৭৬.০১ |
| ৪. যোগ: দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ৫,২৯১.৬৬ | ৪,৫০৯.১৯ | ২,৫৫৩.১৩ |
| ৫. আর্থিক ঘাটতি | (৫,৯১৮.৪৬) | (১১,১৯৩.৫১) | (২৬,৯১১.১৪) |
| ৬. চলতি সম্পদের আনুমানিক বৃদ্ধি | ৪৬,৭৫৭.১৯ | ৪৪,২৪১.৩৫ | - |
| ৭. স্বল্প মেয়াদি ঋণের আনুমানিক বৃদ্ধি | ৪০,৮৩৮.৭৩ | ৩৩,০৪৭.৮৪ | - |

২০১৮-১৯ প্রকৃত অর্থবছরের মূলধন প্রয়োগ (Equity Injection) ১৩,৯২৩.৪২ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে ১৫,৮৯২.৫২ কোটি টাকা ও ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে ১৯,১৯৮.২৮ কোটি টাকায় দাঁড়াবে। উপরোক্ত সময়কালে দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ ২২,৩৭৬.০১ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে ২৭,১৩৭.০৬ কোটি টাকা ও ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে ২৭,০৫৪.৩০ কোটি টাকায় দাঁড়াবে। ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ ৫,২৯১.৬৬ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ করতে সক্ষম হবে যা ২০১৯-২০ সংশোধটি অর্থবছরের ৪,৫০৯.১৯ কোটি টাকা হতে বেশি। ২০১৮-১৯ সাময়িক অর্থবছরে রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ ২,৫৫৩.১৩ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ করেছে। ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে কর্পোরেশনসমূহের আর্থিক ঘাটতি থাকবে না। ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে ৫,৯১৮.৪৬ কোটি টাকা আর্থিক ঘাটতি হবে বলে প্রাক্কলন করা হয়েছে। অবশ্য ১০ % হারে চলতি সম্পদের আনুমানিক বৃদ্ধি ধরে ২০২০-২১ প্রাক্কলিত অর্থ বছরে সম্পদ দাঁড়াবে ৪৬,৭৫৭.১৯ কোটি টাকা।

সারণি- ১১ এ কর্পোরেশনসমূহের ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরের সেক্টর ভিত্তিক তহবিল প্রবাহ হিসাব করা হযেছে।

**সারণি- ১১** (কোটি টাকায়)

| বিবরণ | শিল্প | বিদ্যুৎ, গ্যাস ও পানি | পরিবহন ও যোগাযোগ | বাণিজ্য | কৃষি ও মৎস্য | নির্মাণ | সার্ভিস | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. আর্থিক প্রয়োজনীয়তা | ৬,৪৭৫.৯৪ | ১০,৫৭৬.৭২ | ৪,০১১.৭৪ | ৪,০১১.৭৪ | (১.১৭) | ১,৬৫৪.৭০ | ৯,৬৯১.৫৬ | ৩৫,০৪২.৪৪ |
| ২. বাদ: মূলধন প্রয়োগ | ৯.৯৪ | ৬,৯৮০.৪৫ | ৫৫৫.২৩ | ৫৫৫.২৩ | - | ১,৩২৯.০৮ | ১০,৩২৩.৫৯ | ১৯,১৯৮.২৯ |
| ৩. দীর্ঘমেয়াদি ঋণ | ৬৭১.৯৬ | ২,৯৮৬.৮৮ | ৩৩৬.২১ | ৩৩৬.২১ | - | ২৯০.০০ | ২১,২৯৩.৫৩ | ২৭,০৫৪.৩০ |
| ৪. যোগ: দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ১৪৪.৯৭ | ২,১৪১.৪৯ | ১৫৩.৮২ | ১৫৩.৮২ | ০.২৫ | ২৫০.০০ | ১,১২৪.৯৭ | ৫,২৯১.৬৬ |
| ৫. আর্থিক ঘাটতি | ৫,৯৩৯.০৩ | ২,৭৫০.৮৮ | ৩,২৭৪.১৩ | ৩,২৭৪.১৩ | (০.৯২) | ২৮৫.৬২ | (২০,৮০০.৬১) | (৫,৯১৮.৪৭) |
| ৬. চলতি সম্পদের আনুমানিক বৃদ্ধি | ১,৮০৪.৭৫ | ২,৮৯৮.৫৮ | ৫৬৪.২৯ | ৫৬৪.২৯ | ৬২.৮৭ | ১,৭৩৫.৯০ | ৩০,০৯৯.৬৯ | ৪৬,৭৫৭.১৯ |
| ৭. স্বল্পমেয়াদি ঋণের আনুমানিক বৃদ্ধি | ৭,৭৪৩.৭৮ | ৫,৬৪৯.৪৬ | ৩,৮৩৮.৪৩ | ৩,৮৩৮.৪৩ | ৬১.৯৫ | ২,০২১.৫২ | ৯,২৯৯.০৮ | ৪০,৮৩৮.৭৪ |

সারণি-১১ এ সেক্টর ভিত্তিক তহবিল প্রবাহ বিশ্লেষণ হতে দেখা যায় যে, কৃষি ও মৎস্য এবং সার্ভিস সেক্টরের অন্তর্ভুক্ত পাবলিক কর্পোরেশনসমূহে আর্থিক ঘাটতি থাকবে না। কিন্তু অন্যান্য সেক্টর যেমন বাণিজ্য, শিল্প, বিদ্যুৎ , গ্যাস ও পানি, নির্মাণ এবং পরিবহণ ও যোগাযোগ সেক্টরে কর্পোরেশণের আর্থিক ঘাটতি পরিলক্ষিত হয়। শিল্প সেক্টরে আর্থিক ঘাটতির পরিমাণ সবচেয়ে বেশি অর্থাৎ ৫,৯৩৯.০৩ কোটি টাকা হবে বলে প্রাক্কলন করা হয়েছে। ফলে আলোচ্য অর্থবছরে সংস্থাসমূহে সর্বমোট ৫৯১৮.৪৭ কোটি টাকার তহবিল উদ্বৃত্ত থাকবে বলে প্রাক্কলন করা হয়েছে। আলোচ্য অর্থবছরে বিদ্যুৎ,গ্যাস এবং পানি সেক্টর সর্বোচ্চ ২,১৪১.৪৯ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ সহ সংস্থাসমূহ মোট ৫,২৯১.৬৬ কোটি টাকা ঋণ পরিশোধ করবে করবে বলে প্রাক্কলন করা হয়েছে। আলোচ্য অর্থবছরে চলতি সম্পদের মোট আনুমানিক বৃদ্ধি হবে ৪৬,৭৫৭.১৯ কোটি টাকা। আলোচ্য অর্থবছরে সংস্থাসমুহে আর্থিক প্রয়োজনীয়তার পরিমাণ ৩৫,০৪২.৪৪ কোটি টাকা এবং এর বিপরীতে ১৯,১৯৮.২৯ কোটি টাকার মূলধন প্রয়োগ হবে।

**আর্থিক বিশ্লেষণ**

লাভ/লোকসান পরিস্থিতি যে কোন কর্পোরেশনের আর্থিক বিশ্লেষণের একটি গুরুত্বপূর্ণ দিক। বাংলাদেশে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের প্রায় সমস্ত সম্পদ ও ঋণ সরকার অথবা রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক কর্তৃক যোগান দেয়া হয়ে থাকে। সুতরাং এ সমস্ত প্রতিষ্ঠনের আর্থিক অবস্থা বিশ্লেষণের ক্ষেত্রে সম্পদের উপর মুনাফার হার একটি গুরুত্বপূর্ণ মাপকাঠি।

সারণি- ১২ এ প্রতিষ্ঠানমূহের ২০১৮-১৯ অর্থবছর হতে ২০২০-২১ অর্থবছর পর্যন্ত অর্জিত মুনাফার হিসাব দেখানো হয়েছে।

**সারণি- ১২** (কোটি টাকায়)

| | বিবরণ | ২০২০-২১ বাজেট প্রাক্কলন | ২০১৯-২০ সংশোধিত বাজেট | ২০১৮-১৯ সাময়িক |
|---|---|---|---|---|
| ১. | পরিচালন রাজস্ব | ২,০৩,৯৭৬.১৭ | ১,৮৬,৫৬৫.৩৩ | ১,৭৯,৬৩০.২৬ |
| ২. | পরিচালন উদ্বৃত্ত | (২,৯১০.১২) | (২৪৩.৮৮) | ৩,৪৮০.৭২ |
| ৩. | পরিচালন বহির্ভূত রাজস্ব | ৪,২২৯.০৭ | ৪,৬৭২.৪১ | ৪,৬৮৯.২৮ |
| ৪. | কর্মচারী অংশীদারি তহবিল | ৮৮.৬২ | ৭৬.২৩ | ৭৭.২৬ |
| ৫. | ভর্তুকি | ১০,৫১১.২০ | ৯,৬৭৬.৩৮ | ৭,৯৭৮.৩৮ |
| ৬. | সুদ | ৫,১২৫.৫২ | ৪,৮৮৫.৩৯ | ৩,৮৫১.৩৮ |
| ৭. | কর পূর্ব নীট লাভ/ (লোকসান) | ৬,৬১৬.০১ | ৯,১৪৩.২৯ | ১২,২১৯.৭৪ |
| ৮. | কর | ১,৬৪৬.৫০ | ১,৫৩৯.৫২ | ১,৪৩৮.৫৭ |
| ৯. | কর উত্তর নীট লাভ/ (লোকসান) | ৪৮১৯.৫১ | ৭৪৭৩.৭৭ | ১০৬৭৬.৮৫ |
| ১০. | লভ্যাংশ (ডিভিডেন্ট ) | ১,৪২৪.৬৫ | ১,৪২৩.৩৭ | ৯২০.০৬ |
| ১১. | সংরক্ষিত আয় | ৩,৩৯৪.৮৬ | ৬,০৫০.৪০ | ৯,৭৫৬.৭৯ |
| ১২. | মোট বিনিয়োগ/ ফান্ড | ৬,৬৮,০৫৫.৭১ | ৫৮৫,৬৪৫.৬৫ | ৫,০৯,৬৫১.০৫ |
| ১৩. | ইকুইটি | ১,৬৭,৭৫৭.৪৩ | ১,৪৪,৬৭৪.৬১ | ১,২২,১৯২.৭১ |
| ১৪. | বিনিয়োগের উপর পরিচালন মুনাফার হার (২/১২) | (০.৪৪) | (০.০৪) | ০.৬৮ |
| ১৫. | পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার (৯/১১) | ২.৪৪ | ৪.০৮ | ৬.০০ |
| ১৬. | ইকুইটির উপর লভ্যাংশের হার ( ১০/১৩) | ০.৮৫ | ০.৯৮ | ০.৭৫ |
| ১৭. | মোট সম্পদের টার্নওভার (১/১২) | ০.৩১ | ০.৩২ | ০.৩৫ |

সারণি- ১২ এ সংস্থাসমূহ কর্তৃক পরিচালন আয়ের উপর নীট মুনাফার হার (Margin on operational revenue), সম্পদের টার্নওভার (Asset Turn Over) এবং কর উত্তর নীট লাভ (Net profit after tax) ও ইকুইটির উপর লভ্যাংশের হার (Return on equity) ইত্যাদি দেখানো হয়েছে।

২০২০-২১ প্রাক্কলিত অর্থ বছরে মোট বিনিয়োগের উপর ঋণাত্মক ০.৪৪ শতাংশ পরিচালন মুনাফার হার প্রাক্কলন করা হয়েছে। ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে বিনিয়োগের উপর পরিচালন মুনাফা ঋণাত্মক ০.০৪ শতাংশ এবং ২০১৮-১৯ অর্থবছরে বিনিয়োগের উপর পরিচালন মুনাফা ছিল ০.৬৮ শতাংশ। পরিচালন রাজস্বের উপর মুনাফার হার ২০২০-২১ প্রাক্কলিত ও ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে যথাক্রমে ২.৪৪ শতাংশ এবং ৪.০৮ শতাংশে দাঁড়াবে। ২০১৮-১৯ সাময়িক অর্থবছরে পরিচালন রাজস্বের উপর মুনাফার হার ছিল ৬.০০ শতাংশ।

সম্পদের টার্নওভার পর্যালোচনা করলে দেখা যায় যে, সম্পদ ব্যবহারের ক্ষমতা পূর্ববর্তী অর্থবছরের ন্যায় ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে হ্রাস পাবে এবং ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে সম্পদ ব্যবহারের ক্ষমতা ২০১৮-১৯ সাময়িক অর্থবছরের তুলনায় কিছুটা হ্রাস পাবে বলে ধারণা করা যাচ্ছে।

২০১৮-১৯ সাময়িক অর্থবছরে অ-আর্থিক পাবলিক কর্পোরেশনসমূহের কর উত্তর নীট মুনাফা ছিল ১০,৭৮১.১৭ কোটি টাকা। ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে এবং ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে কর উত্তর নীট লোকসান দাঁড়াবে যথাক্রমে ৭,৬০৩.৭৭ কোটি টাকা ও ৪,৯৬৯.৫১ কোটি টাকা।

২০১৮-১৯ সাময়িক অর্থবছরে সংস্থাসমূহ সরকারি কোষাগারে ৯২০.০৬ কোটি টাকা লভ্যাংশ হিসাবে জমা প্রদান করে। ২০২০-২১ প্রাক্কলিত এবং ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে কর্পোরেশনসমূহ লভ্যাংশ হিসাবে যথাক্রমে ১,৪২৪.৬৫ কোটি টাকা এবং ১,৪২৩.৩৭ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবে বলে প্রাক্কলন করা হয়েছে।

২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে কর্পোরেশনসমূহ সরকার হতে গৃহীত ঋণের উপর ৫,১২৫.৫২ কোটি টাকা ও ২০১৯-২০ অর্থবছরে ৪,৮৮৫.৩৯ কোটি টাকা সুদ প্রদান করবে যা ২০১৮-১৯ অর্থবছরে ছিল ৩,৮৫১.৩৮ কোটি টাকা। ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে ১,৬৪৬.৫০ কোটি টাকা কর প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যা ২০১৯-২০ সংশোধিত অর্থবছরের সংশোধিত লক্ষ্যমাত্রা ১,৫৩৯.৫২ কোটি টাকা হতে বেশি। ২০১৮-১৯ অর্থবছরে কর প্রদানের পরিমাণ ছিল ১,৪৩৮.৫৭ কোটি টাকা।

**মুনাফা তারতম্যের কারণ**

মোট বিনিয়োগের উপর মুনাফার হার মূলত দুটি বিষয়ের উপর নির্ভরশীল ১. পরিচালন রাজস্বের উপর মুনাফা এবং ২. রাজস্ব অর্জনে মোট সম্পদ ব্যবহারের টার্নওভার। সারণি- ১২ হতে দেখা যাচ্ছে যে, ২০১৮-১৯ অর্থ বছরে পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার ছিল ৬.০০। ২০২০-২১ প্রাক্কলিত ও ২০১৯-২০ সংশোধিত উভয় অর্থবছরে পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার ২০১৮-১৯ অর্থবছরের তুলনায় হ্রাস পেয়ে যথাক্রমে ২.৪৪ ও ৪.০৮ হবে। রাজস্ব অর্জনে মোট সম্পদের টার্নওভার অনুপাত ২০১৮-১৯ অর্থবছরের ৩৫% যা ২০২০-২১ প্রাক্কলিত ও ২০১৯-২০ সংশোধিত অর্থবছরে হ্রাস পেয়ে যথাক্রমে ৩১% ও ৩২% হবে।

## আর্থিক তারল্য ও স্থিতি

সারণি- ১৩ এ কর্পোরেশনসমূহের জুন ২০২০, জুন ২০১৯ ও জুন ২০১৮ সনে সমাপ্ত আর্থিক বৎসরের প্রাক্কলিত, সংশোধিত এবং প্রকৃত স্থিতিপত্র দেখানো হয়েছে। এখান উল্লেখ্য যে, ২০২০-২১ অর্থবছরের ব্যালেন্স শীট ২০১৯-২০ অর্থবছরের ব্যালান্স শীটের সাথে প্রাক্কলিত বিনিয়োগ, মূলধন, ঋণ প্রাপ্তি এবং মুদ্রাস্ফীতির কারণে চলতি সম্পদের ১০% বার্ষিক প্রবৃদ্ধি ধরে প্রস্তুত করা হয়েছে। একইভাবে ২০১৯-২০ অর্থবছরের ব্যালান্স শীট ২০১৮-১৯ এর ভিত্তিতে তৈরি করা হয়েছে।

সারণি- ১৩ কর্পোরেশনসমূহের ব্যালান্স শীট জুন ২০১৮- জুন ২০২০

**সারণি- ১৩**

(কোটি টাকায়)

| বিবরণ | জুন ২০২০ | মোট সম্পদের অংশ(%) | বার্ষিক প্রবৃদ্ধির হার | জুন ২০১৯ | মোট সম্পদের অংশ(%) | জুন ২০১৮ | মোট সম্পদের অংশ (%) |
|---|---|---|---|---|---|---|---|
| ১. মূলধন | ১,৬৭,৭৫৭.৪৩ | ২৫.১১ | ১৭.১৭ | ১,৪৪,৬৭৪.৬১ | ২৪.৭০ | ১,২২,১৯২.৭১ | ২৩.৯৮ |
| ২. দীর্ঘমেয়াদি দায় | ২,৮১,১২৬.০১ | ৪২.০৮ | ১০.৯৬ | ২,৫৫,২১২.৫৫ | ৪৩.৫৮ | ২,২৮,৩৩৩.৭১ | ৪৪.৮০ |
| ৩. চলতি দায় | ২,১৯,১৭২.২৭ | ৩২.৮১ | ১৭.৩৬ | ১,৮৫,৭৫৮.৫০ | ৩১.৭২ | ১,৫৯,১২৪.৬৩ | ৩১.২২ |
| ৪. মোট দায় | ৫,০০,২৯৮.২৮ | ৭৪.৮৯ | ১৩.৬৩ | ৪,৪০,৯৭১.০৫ | ৭৫.৩০ | ৩,৮৭,৪৫৮.৩৪ | ৭৬.০২ |
| ৫. মোট পুঁজি | ৬,৬৮,০৫৫.৭১ | ১০০.০০ | ১৪.৪৯ | ৫,৮৫,৬৪৫.৬৫ | ১০০.০০ | ৫,০৯,৬৫১.০৫ | ১০০.০০ |
| ৬. স্থায়ী সম্পদ অবচয় বাদে | ১,৪২,৩১১.৩৪ | ২১.৩০ | ৬.১৩ | ১,৩৩,০১১.৭৩ | ২২.৭১ | ১,২৬,৩৪৭.৯১ | ২৪.৭৯ |
| ৭. অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পদ | ২,২৯,৮৬৭.৩৪ | ৩৪.৪১ | ২২.১৩ | ১,৯০,১৮৬.৬৭ | ৩২.৪৭ | ১,৫৪,১১১.৭৩ | ৩০.২৪ |
| ৮. চলতি সম্পদ মজুদ | ২৯,২৯৬.৪৯ | ৪.৩৯ | ১০.০০ | ২৬,৬৩৩.১৭ | ৪.৫৫ | ২৪,২১১.৯৭ | ৪.৭৫ |
| ৯. অন্যান্য | ২,৬৬,৫৮০.৫৫ | ৩৯.৯০ | ১৪.০৪ | ২,৩৫,৮১৪.০৮ | ৪০.২৭ | ২,০৪,৯৭৯.৪৪ | ৪০.২২ |
| ১০. মোট চলতি সম্পদ | ২,৯৫,৮৭৭.০৪ | *৪৪.২৯* | ১৩.৬২ | ২,৬২,৪৪৭.২৬ | *৪৪.৮১* | ২,২৯,১৯১.৪১ | *৪৪.৯৭* |
| ১১. মোট সম্পদ | ৬,৬৮,০৫৫.৭২ | ১০০.০০ | ১৪.৪৯ | ৫,৮৫,৬৪৫.৬৫ | ১০০.০০ | ৫,০৯,৬৫১.০৫ | ১০০.০০ |

২০২০-২১ অর্থবছরে ৪৯টি অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থার মোট সম্পদের পরিমাণ ৬,৬৮,০৫৫.৭২ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে যা ২০১৮-১৯ অর্থবছরের ৫,০৯,৬৫১.০৫ কোটি টাকার তুলনায় ১৪.৪৯ শতাংশ বেশী। ২০১৮-১৯ অর্থবছরে স্থায়ী সম্পদ মোট সম্পদের ২৪.৭৯ শতাংশ। ২০১৯-২০ সংশোধিত ও ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে স্থায়ী সম্পদ যথাক্রমে মোট সম্পদের ২২.৭১ ও ২১.৩০ শতাংশ। অতএব, দেখা যাচ্ছে যে, ২০১৮-১৯ অর্থবছরের তুলনায় ২০১৯-২০ সংশোধিত ও ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদে স্থায়ী সম্পদের অংশ ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। অপরদিকে অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পদ (মূলত বাস্তবায়নাধীন প্রকল্পে)ব্যয়সমূহ ২০১৮-১৯ অর্থবছরে মোট সম্পদের ৩০.২৪ শতাংশ। ২০১৯-২০ সংশোধিত ও ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে যা ২০১৮-১৯ প্রকৃত অর্থবছরের তুলনায় ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৩২.৪৭ শতাংশ ও ৩৪.৪১ শতাংশে দাঁড়াবে।

২০১৮-১৯ অর্থবছরে ঋণ মূলধনের সামগ্রিক অনুপাত ৭৬:২৪ । ২০১৯-২০ সংশোধিত ও ২০২০-২১ প্রাক্কলিত উভয় অর্থবছরে ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে ৭৫:২৫ । অর্থাৎ মোট বিনিয়োগে মূলধনের পরিমাণ বৃদ্ধি পাবে। ২০১৯-২০ সংশোধিত ও ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে স্বল্পমেয়াদি দায় ( চলতি দায়) মোট সম্পদের যথাক্রমে ৩১.৭২ এবং ৩২.৮১ শতাংশ । তবে আলোচ্য সময়ে চলতি সম্পদ এবং চলতি দায়ের প্রবৃদ্ধি হার হবে যথাক্রমে ১৪ শতাংশ এবং ১৭ শতাংশ । ২০১৯-২০ সংশোধিত ও ২০২০-২১ প্রাক্কলিত অর্থবছরে চলতি অনুপাত যথাক্রমে ১.৪১ ও ১.৩৫। চলতি অনুপাত ১.৫ এর নীচে সামগ্রিকভাবে রাষ্ট্রায়ত্ত সংস্থার নগদ অর্থ প্রবাহে প্রতিকূল অবস্থার পরিচায়ক (কাঙ্খিত অনুপাত ২) ।